13

দৈনিক সংবাদ

তারিখ ... 04 NOV 1994 ...
পৃষ্ঠা 1 কলাম 7

রাজধানীতে বিক্ষোভ মিছিল ।। গাড়ি ভাংচুর

# গতবারের নিয়মে এসএসসি প্রাইভেট পরীক্ষা নেয়ার দাবি

( নিজস্ব বার্তা পরিবেশক )

"কেউ পরীক্ষা দেবে, কেউ দেবে না তা হবে না। সকালে এক নীতি, বিকেলে আরেক নীতি তা মানি না।"— এই শ্লোগান নিয়ে '৯৫ সালে এসএসসি প্রাইভেট পরীক্ষা দিতে ইচ্ছুক শতাধিক তরুণ-যুবক গতকাল বৃহস্পতিবার সকালে বিক্ষোভ মিছিল করে। মিছিলকারীরা গুলিস্তান, হাউজ বিল্ডিং-এর রাস্তা ও প্রীতম ভবনের সামনে ১০/১২টি গাড়ি ভাঙচুর করে। এ সময় পুলিশ হাউজ বিল্ডিং-এর সামনে থেকে ৩ জন মিছিলকারীকে গ্রেফতার করে। পুলিশ সূত্রে জানা গেছে, তারা পুরনো ঢাকার একটি স্কুলের ছাত্র এবং এসএসসি পরীক্ষার্থী।

পরে প্রেসক্লাবের সামনে সমবেত হয়ে তারা শ্লোগান দিতে থাকে। এ সময় লটারির টিকিট বিক্রেতা একজন মিশুক চালকের কাছ থেকে মাইক নিয়ে তারা বক্তৃতা করে। বক্তারা পূর্বের নিয়মে এসএসসি প্রাইভেট পরীক্ষা নেয়ার দাবি

প্রাইভেট ঃ পৃঃ ৮ কঃ ৮

## প্রাইভেট ঃ গতবারের নিয়মে নেয়ার দাবি

( ১ম পৃষ্ঠার পর )

জানায়।

মতিঝিল সরকারি বালক উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক রশিদ উদ্দিন জাহিদ এই প্রতিবেদককে জানান, গত বছরও এসএসসি প্রাইভেট পরীক্ষার্থীরা পুরনো নিয়মে পরীক্ষা দিয়েছে। পূর্বের নিয়মে ৮ম শ্রেণী পাস করলে অনিয়মিত হিসেবে যে কেউ কিছু শর্তসাপেক্ষে প্রাইভেট পরীক্ষা দিতে পারতো। পরীক্ষার্থী মাধ্যমিক পর্যায়ের সিলেবাসের পড়া সম্পূর্ণ করেছেন – এই মর্মে একজন গেজেটেড শিক্ষকের সত্যায়িত প্রত্যয়নপত্র দরকার হতো। প্রত্যয়নপত্র জমা দিলে সে নির্বাচনী পরীক্ষার জন্য আবেদন করতে পারতো।

গত ২৮শে অক্টোবর পত্রিকায় প্রকাশিত শিক্ষা মন্ত্রণালয়ের তথ্য বিবরণীর সংবাদে জানা যায়, দেশের ৪টি শিক্ষা বোর্ডের অধীন যেকোন অনুমোদিত উচ্চ বিদ্যালয় হতে যেসকল ছাত্রছাত্রীর নাম রেজিস্ট্রেশন হয়েছে এবং উক্ত রেজিস্ট্রেশন মেয়াদ উত্তীর্ণ হয়েছে কেবলমাত্র তারাই এসএসসি পরীক্ষার নির্বাচনী পরীক্ষায় উত্তীর্ণ হওয়া সাপেক্ষে প্রাইভেট পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে। তবে তাদেরকে অবশ্যই মূল রেজিস্ট্রেশন কার্ড আবেদনের সঙ্গে সংশ্লিষ্ট বিদ্যালয়ে জমা দিতে হবে।

রেজিস্ট্রেশনধারী কোন ছাত্রছাত্রী নিয়মিত পরীক্ষার্থী হিসেবে পরীক্ষায় অংশগ্রহণ করে প্রথমবার অকৃতকার্য হলে পরীক্ষায় অংশগ্রহণ না করলে এবং রেজিস্ট্রেশন মেয়াদ আছে এরূপ ছাত্র-ছাত্রীরাও নির্বাচনী পরীক্ষায় উত্তীর্ণ হওয়া সাপেক্ষে এসএসসি প্রাইভেট পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। তবে তাদেরকেও আবেদনপত্রের সঙ্গে সংশ্লিষ্ট বিদ্যালয়ে মূল রেজিস্ট্রেশন কার্ড জমা দিতে হবে।

রশিদ উদ্দিন জাহিদ আরো জানান, নতুন নিয়ম অনুসারে যারা ৮ম শ্রেণী পাসের পর ৯ম শ্রেণীতে কিছুদিন ক্লাস করেছেন এবং বোর্ডের রেজিস্ট্রেশন ফরম পূরণ করেছেন কেবল তারাই বোর্ডের শর্তসাপেক্ষে প্রাইভেট পরীক্ষা দিতে পারবে।

তিনি বলেন, এ বছরেও পুরনো নিয়মে অনেক আবেদনপত্র বিক্রি করা হয়েছে। গত ৩০শে অক্টোবর বোর্ডের নতুন সার্কুলার অনুসারে এখন বোর্ডের রেজিস্ট্রেশন ফরম দেখালে আবেদনপত্র দেয়া হচ্ছে। ৮ম শ্রেণী পাস দেখিয়ে যারা আবেদন করেছেন তাদের আবেদনপত্র নেয়া হচ্ছে না। নতুন নিয়মে যাদের আবেদনপত্র বাতিল হবে তাদের ফিসের টাকা পরে ফেরত দেয়া হবে।

তিনি বলেন, পুরনো নিয়মে অনেকেই এসএসসি পরীক্ষা দেয়ার বয়স হওয়ার পূর্বেই ৮ম শ্রেণী পাসের সার্টিফিকেট দেখিয়ে অবৈধভাবে পরীক্ষা দিত। নতুন নিয়মে এই সুযোগ বন্ধ হবে।

তিনি আরো বলেন, গত বছর তার স্কুল থেকে প্রায় ২১শ' জন প্রাইভেট পরীক্ষা দিয়েছে। এ বছর প্রাইভেট পরীক্ষার্থীর সংখ্যা পাঁচশ'র বেশি হবে না।